

ভ্যাকসিন সংক্রান্ত বিষয়ে বিশদে জানতে এই নোটিশগুলি পড়ুন

1. সপ্তাহে ৪ দিন (4 days) করোনার ভ্যাকসিন দেওয়া হয় – সোমবার, মঙ্গলবার, বৃহস্পতিবার ও শুক্রবার।
2. কোনদিন কোন ভ্যাকসিন হবে এবং তাঁর প্রাপক সংখ্যা ইত্যাদি আগের দিন বিকেল ৫ টার মধ্যে নোটিশ দিয়ে জানানো হবে।
3. ভ্যাকসিন ইনজেকশন দেওয়ার সময় ১২:৩০ মিঃ থেকে ১:১৫ মিঃ (বা শেষ লাইন দিয়ে দাঁড়ানো প্রাপককে ভ্যাকসিন প্রদান – যেটি পরে হবে) পর্যন্ত।
4. প্রথম ডোজ ভ্যাকসিন সকলের জন্য পাওয়া যাবে। প্রথম ডোজের জন্য বাধ্যতামূলক ভাবে নিম্নলিখিত জিনিস আনতে হবে:
 - ❖ cowin.gov.in অথবা arogya setu তে রেজিস্টার করা থাকলে **পঞ্জিক্রিত মোবাইল নম্বর** এবং **৪ (4 digit) অঙ্কের গোপন কোড** নিয়ে আসতে হবে। নতুবা ভ্যাকসিনের টোকেন পাওয়া যাবে না।
 - ❖ রেজিস্টার না করা থাকলে আসল সচিত্র পরিচয়পত্র (ভোটার কার্ড, আধার কার্ড, প্যান কার্ড, পাসপোর্ট, ড্রাইভিং লাইসেন্স – এগুলির মধ্যে কোন একটি) এবং যে মোবাইল নম্বর রেজিস্টার করে ভ্যাকসিন গ্রহণ করতে চান, **সেই মোবাইল ফোনটা সঙ্গে করে আনতে হবে**, কোন জেরক্স গ্রাহ্য হবে না।
5. দ্বিতীয় ডোজ সকলের জন্য চালু আছে। দ্বিতীয় ডোজের জন্য বাধ্যতামূলক ভাবে নিম্নলিখিত জিনিস আনতে হবে:
 - ❖ যে মোবাইল নম্বরে প্রথম ডোজ গ্রহণ করেছেন সেই মোবাইল নম্বরটি বলতে হবে।
 - ❖ প্রধানমন্ত্রীর ছবি সম্বলিত প্রথম ডোজের সার্টিফিকেট অথবা ৪ অঙ্কের (4 digit) গোপন কোড সঙ্গে আনতে হবে। সার্টিফিকেট মোবাইল এ দেখালেও চলবে।
6. লাইনে দাঁড়ানো একজনকে সর্বাধিক ৪ (4) টি কুপন দেওয়া হবে। অনলাইন বুকিং থাকলে যতগুলি বুকিং থাকবে, ততগুলি কুপন গ্রহণ করতে পারবেন।
7. শুক্রবার সকাল ১০:৩০ মিঃ থেকে কুপন দেওয়া হবে। অন্যদিন কুপন দেওয়ার সময় আগে থেকে জানানো যাবে না। ভ্যাকসিন পাওয়া গেলে কুপন দেওয়া শুরু হবে।

8. প্রতিষ্ঠানে সম্পূর্ণ বিনামূল্যে ভ্যাকসিন প্রদান করা হয়। নিজে লাইন দিয়ে নিজের বা নিজের আত্মীয়দের কুপন গ্রহণ করুন, কাউকে কোন টাকা-পয়সা দেওয়ার প্রয়োজন নেই।
9. প্রতিষ্ঠানের তরফ থেকে কোনও নাম লেখা হয় না, লাইনে দাঁড়িয়ে কুপন নিয়ে ভ্যাকসিন গ্রহণ করুন। অগ্রিম কুপন দেওয়া হয় না, দিনের দিন সকালে কুপন নিয়ে ভ্যাকসিন নিন।

বাকি প্রশ্নের জন্য এখানে টাঙ্গানো বাংলা ও ইংরেজি ফ্লেক্স দেখুন। সার্টিফিকেট ডাউনলোড করার পদ্ধতি নিম্নলিখিত নোটিশে ছাপান আছে, দেখে নিন। SMS না পেলে, cowin.gov.in – এই ওয়েবসাইট থেকে সার্টিফিকেট ডাউনলোড করুন। সার্টিফিকেট না পেলে ভ্যাকসিন নেওয়ার টোকেন নিয়ে পরবর্তী ৭দিনের মধ্যে আমাদের সাথে যোগাযোগ করুন। ৭ দিন পেরিয়ে গেলে কোন সুরাহা করা সম্ভব নয়।

ভ্যাকসিন সংক্রান্ত উপরিউল্লিখিত নোটিশের বাইরে কোন প্রশ্নের জন্য সকাল ১০ টা থেকে দুপুর ১১:৩০ মিঃ এর মধ্যে প্রথম গেটে যোগাযোগ করুন। অন্য সময়ে ভ্যাকসিন সংক্রান্ত কোন প্রশ্নের উত্তর দেওয়া হয় না।

আদেশানুসারে

আমাদের পরিষেবা সংক্রান্ত কোন অভিযোগ থাকলে
covidmbhmch@gmail.com – এই ইমেইল এ প্রমাণসহ ইমেইল করে বা
CMOH, HOWRAH – এর কাছে প্রমাণসহ লিখিত অভিযোগ জানান।

হাসপাতালের ফোন নম্বর – (০৩৩) ২৬৭৭৪৪৪৯ (সকাল ১১ টা থেকে বিকেল ৪ টে পর্যন্ত)